

ময়মনসিংহে বিজ্ঞান ও গণিত শিক্ষা প্যাকেজ উদ্বোধন

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে প্রাথমিক স্তরে মানসম্মত শিক্ষাদান কার্যক্রম ত্বরান্বিত করতে সহায়তার লক্ষ্যে গতকাল এখানে প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের জন্য একটি বিজ্ঞান ও গণিত শিক্ষা প্যাকেজ উদ্বোধন করা হয়েছে। বাসস।

জাপান আঞ্চলিক সহযোগিতা সংস্থার (জাইকা) সহায়তায় বাংলাদেশ ও জাপান যৌথভাবে প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি-২) আওতায় এই শিক্ষা প্যাকেজ পরিচালনা করবে।

সরকারে প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে (পিটিআই) এই প্যাকেজ ব্যবহারের লক্ষ্যে 'আল জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির (এনএপিই) সম্মেলন ক্ষেত্রে এই প্যাকেজ উদ্বোধন করা হলো।

এনএপিই পরিচালক আবদুল ওয়াহেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোশাররফ হোসেন ভূঁইয়া।

এতে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে জাপানের রাষ্ট্রদূত মামাযুকি ইনো, জাইকার আবাসিক প্রতিনিধি নবুকে কায়াশিমা, পিইডিপি-২-এর কর্মসূচি পরিচালক ও প্রাথমিক শিক্ষার মহাপরিচালক রতনকুমার রায়। নরওয়ের দূতাবাসের ফার্ন সেরেটারি টনগ্রিট টি স্মং, জাইকার প্রোগ্রাম অফিসার উইং সায়ুমা ও এনএপিই বিশেষজ্ঞ এমএ মোসাদ্দেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাংলাদেশের পিটিআইওলোর ৫১ জন সুপারভাইজেন্ট অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।